

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
পরিবহন পুলভবন, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা-১০০০।
বাজেট শাখা
www.molwa.gov.bd

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০৬.২০.০০১.২০.৬৮০

তারিখ: ৩ অগ্রহায়ণ ১৪২৭

১৮ নভেম্বর ২০২০

বিষয়: বীর মুক্তিযোদ্ধার মৃত্যুতে প্রাধিকারপ্রাপ্ত পরিবারের সদস্যদের পৃথক ব্যাংক হিসাবে সম্মানি ভাতা বিতরণ।

সূত্র: এস,আর,ও নং-২০০-আইন/২০২০, তারিখঃ ১২/০৭/২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে, বীর মুক্তিযোদ্ধাদের সম্মানি ভাতা কার্যক্রম সূত্রোক্ত প্রজ্ঞাপনে বর্ণিত “বীর মুক্তিযোদ্ধা সম্মানি ভাতা বিতরণ আদেশ, ২০২০” অনুযায়ী পরিচালিত হয়। বীর মুক্তিযোদ্ধার মৃত্যুতে সম্মানি ভাতা'র পরবর্তী সুবিধাভোগী সম্পর্কে উক্ত আদেশের অনুষ্টেদ ৮ এ স্ত্রী/স্বামী, স্ত্রী/স্বামীর অবর্তমানে পিতা-মাতা, স্ত্রী/স্বামী ও পিতা-মাতার অবর্তমানে সন্তান এবং স্ত্রী/স্বামী, পিতা-মাতা ও সন্তানের অবর্তমানে মুক্তিযোদ্ধার সহোদর ভাই-বোন প্রাপ্য হবেন মর্মে নির্দেশনা রয়েছে। এছাড়া, একই আদেশের অনুষ্টেদ ৭(৫) অনুযায়ী সংশ্লিষ্ট উপজেলা বা মহানগর কমিটি কর্তৃক বীর মুক্তিযোদ্ধার মৃত্যুতে তাঁর পরিবর্তে প্রাধিকারপ্রাপ্ত সকল সুবিধাভোগীর নাম ও প্রাপ্য সম্মানি ভাতা'র পরিমাণ চূড়ান্তকরত: প্রত্যেক ভাতাভোগীর পৃথক ব্যাংক হিসাবে উক্ত সম্মানি ভাতা প্রদান করতে হবে মর্মে নির্দেশনা রয়েছে। কিন্তু কোন কোন ক্ষেত্রে প্রাধিকারপ্রাপ্ত সকল সুবিধাভোগী কর্তৃক একজনকে ক্ষমতা প্রদানের মাধ্যমে উক্ত ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তিকে সম্মানি ভাতা প্রদান করা হচ্ছে মর্মে জানা যাচ্ছে, যা সূত্রোক্ত আদেশের পরিপন্থী।

০২। এ প্রেক্ষিতে, বীর মুক্তিযোদ্ধার মৃত্যুতে সূত্রোক্ত আদেশের অনুষ্টেদ ৮ অনুযায়ী পরবর্তী ভাতাভোগী চূড়ান্তকরত: বীর মুক্তিযোদ্ধাদের পূর্ণাঙ্গ তথ্য সম্বলিত Management Information System (MIS) এর ওয়েবলিংক mis.molwa.gov.bd এ এন্ট্রিকরত: প্রত্যেক প্রাধিকারপ্রাপ্ত ভাতাভোগীর পৃথক ব্যাংক হিসাবে তাঁর প্রাপ্য অর্থ বিতরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সূত্রোক্ত প্রজ্ঞাপন।



১৮-১১-২০২০

মোঃ মতিয়ার রহমান

উপসচিব

ফোন: ৯৫৫ ০১৩৩

ইমেইল: dsbudget@molwa.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার (সকল)

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০৬.২০.০০১.২০.৬৮০/১(১৪০)

তারিখ: ৩ অগ্রহায়ণ ১৪২৭

১৮ নভেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) বিভাগীয় কমিশনার, ঢাকা/খুলনা/রাজশাহী/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/চট্টগ্রাম
- ২) অতিরিক্ত সচিব, অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
- ৩) জেলা প্রশাসক (সকল)
- ৪) মন্ত্রীর একান্ত সচিব (উপসচিব), মাননীয় মন্ত্রীর দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
- ৫) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়
- ৬) সিস্টেম এনালিস্ট, আইটি সেল শাখা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৭) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়



১৮-১১-২০২০

মোঃ মতিয়ার রহমান

উপসচিব